



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।
Noakhali Science and Technology University (NSTU)
Noakhali - 3814, Bangladesh

Phone : 880 - 321 - 62812
Fax : 880 - 321 - 62788
Mobile :
E-mail : info@nstu.edu.bd

অর্থনীতি বিভাগ
Department of Economics

স্মারকঃ নোবিপ্রবি/ইকো/২০১৮/৮৪৫

তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০১৮

স্নাতকোত্তর (মাস্টার্স) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিইচ্ছুক ছাত্র-ছাত্রীরা অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ০৬ সেপ্টেম্বর ২০১৮ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

ডিগ্রী : মাস্টার অব সোশ্যাল সায়েন্স ইন ইকোনোমিক্স।

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রীধারী হতে হবে।
- ২। প্রার্থীর স্নাতক(সম্মান)/পর্যায়ে জিপিএ/২.৫০ কমপক্ষে থাকতে হবে।
- ৩। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিইচ্ছুক ছাত্র-ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কিনা, চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের কে ভর্তি করা হবে।
- ৪। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। ডাকে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নয়।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
- ৪। চাকুরীরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্রাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ৫। ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৬। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি জমা দেয়ার রশিদের কপি দিতে হবে।

ধন্যবাদান্তে

05.09.2018

মোহাম্মদ মোকাম্মেল করিম তৌফিক
সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ
এবং সভাপতি এম এস এস ভর্তি কমিটি, ২০১৬-১৭
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি :

- ১। ডীন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৭। বিভাগীয় নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।